সেমিফাইনালে স্কটল্যান্ডকে হারালেই বিশ্বকাপের টিকিট নিশ্চিত

ডেস্ক রিপোর্ট
নিউজবিডি৭১ডটকম
ঢাকা: স্বপ্নের মতো খেলছে বাংলাদেশ নারী ক্রিকেট দল। কিছুদিন আগেই ভারতকে হারিয়ে এশিয়া কাপের শিরোপা জিতেছে সালমা-রুমানারা। এটিই বাংলাদেশের প্রথম আন্তর্জাতিক ট্রফি। আয়ারল্যান্ডকে হারিয়ে সিরিজ জয়ের সুখস্মৃতিটাও এখনো জ্বলজ্বলে। এবার আর একটি মাইলফলকের সামনে দাঁড়িয়ে টাইগ্রেসরা। প্রথমবারের মতো বিশ্বকাপ খেলার হাতছানির সামনে নারী ক্রিকেটাররা। বিশ্বকাপ বাছাইপর্বের সেমিফাইনালে স্কটল্যান্ডকে হারালেই বিশ্বকাপে খেলার টিকিট নিশ্চিত করবে বাংলাদেশ।

নেদারল্যান্ডসে অনুষ্ঠিত বিশ্বকাপ বাছাইপর্বে টানা তৃতীয় জয় তুলে নিয়েছে বাংলাদেশ। ফাহিমা খাতুনের হ্যাটট্রিকে সংযুক্ত আরব আমিরাতকে ৮ উইকেটে হারিয়েছে লাল-সবুজের দল। এর ফলে গ্রুপসেরা হয়ে সেমিফাইনালে উঠল সালমারা।

গত দুটি ম্যাচের মতো এদিনও টস ভাগ্য যায় বাংলাদেশের পক্ষে। আরব আমিরাততে ব্যাটিংয়ে আমন্ত্রণ জানান দলনেতা সালমা খাতুন।

শুরুতেই ফাহিমা খাতুনের দুর্দান্ত বোলিং তাণ্ডবে মুখ থুবড়ে পড়ে আরব আমিরাত। ১৩ত ওভারের শেষ তিন বলে আমিরাতের তিন ব্যাটারকে তুলে নিয়ে টি-টোয়েন্টিতে বাংলাদেশের প্রথম হ্যাটট্রিক তুলে নেন ফাহিমা। আরব আমিরাতকে মাত্র ৩৯ রানে বেধে ফেলে বাংলাদেশ। আমিরাতের হয়ে ওপেনার ঈশা রোহিত করেন সর্বোচ্চ ১৮ রান। হ্যাটট্রিকসহ চার উইকেট নেন ফাহিমা খাতুন। এছাড়া নাহিদা আহমেদ ও রুমানা আহমেদ নেন দুটি করে উইকেট।

মাত্র ৪০ রানের লক্ষ্যে খেলতে নেমে প্রতিপক্ষ বোলারদের বেধরক বেটাতে থাকেন নিগার সুলতানা ও সানজিদা আলম। মাত্র ৬.৫ ওভারে মাত্র ২ উইকেট হারিয়ে লক্ষ্যে পৌঁছে যায় বাংলাদেশ। নিগার সুলতানা ২১ ও সানজিদা করেন ১৫ রান।

বৃহস্পতিবার সেমিফাইনালে বাংলাদেশের প্রতিপক্ষ স্কটল্যান্ড। এই ম্যাচ জিতলেই ২০২১ সালে নিউজিল্যান্ডে অনুষ্ঠিত হতে যাওয়া বিশ্বকাপের খেলা নিশ্চিত করবে বাংলাদেশ। স্কটিশ মেয়েদের হারালে ফাইনালে আয়ারল্যান্ড ও পাপুয়া নিউ গিনির মধ্যকার দলের বিপক্ষে খেলবেন টাইগ্রেসরা।

নিউজবিডি৭১/আ/জুলাই ১১ ,২০১৮